

## বিষয়: হলুদে দূষণের বিষয়ে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের গৃহীত কার্যক্রম।

- ১। শুনকনো হলুদে (আস্ত ও গুড়া) লেড (সীসা) এর উপস্থিতি রয়েছে এ বিষয়ে বিগত ২৩-০৯-২০১৯ ইং তারিখে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সম্মেলন কক্ষে কর্তৃপক্ষের কর্মকর্তা এবং আইসিডিডিআর,বি এর বিশেষজ্ঞ টিমের সমন্বয়ে এক জরুরী সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন কর্তৃপক্ষের চেয়ারম্যান জনাব সৈয়দা সারওয়ার জাহান।
- ২। আইসিডিডিআর,বি এর গবেষক দল সভায় হলুদের উপস্থিতি নিয়ে দুটি গবেষণা প্রবন্ধ উপস্থাপনা করেন। উক্ত গবেষণা আইসিডিডিআর,বি ও যুক্তরাষ্ট্রের স্ট্যানফোর্ড বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে পরিচালিত হয়। প্রথম গবেষণায় বাংলাদেশের গর্ভবতী মহিলাদের রক্তে উচ্চ মাত্রায় সীসার উপস্থিতি পাওয়া যায়। পরবর্তী গবেষণায় জানা যায় রক্তে সীসার উৎস হচ্ছে খাবার হলুদে সীসার মিশ্রণ (দূষণ)। উক্ত সীসার রাসায়নিক নাম লেড ক্রোমেট যা স্থান ভেদে পিওরি, পিপড়ি, বাসন্তি রং, কাঠালি বা সরষে ফুল নামে পরিচিত।
- ৩। হলুদে সীসার উপস্থিতি মানব স্বাস্থ্যের জন্য মারাত্মক ক্ষতিকর বিধায় দূষণযুক্ত হলুদ উৎপাদন, সরবরাহ, বিপণন, পরিবেশন, ক্রয় ও বিক্রয় থেকে বিরত থাকার জন্য সর্বসাধারণের অবগতির লক্ষ্যে বিগত ২৪-০৯-২০১৯ তারিখে এক সতর্কীকরণ গণবিজ্ঞপ্তি ০৬ টি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করা হয়।
- ৪। এ সমস্যা থেকে উত্তরণের লক্ষ্যে ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি মনিটরিং টিম গঠন করা হয়।
- ৫। গঠিত মনিটরিং টিম ১০ অক্টোবর ঢাকার শ্যাম বাজারে হলুদের আড়তে হলুদে সীসার উপস্থিতি নির্ণয়ে মনিটরিং কার্যক্রম পরিচালনা করেন। উক্ত মনিটরিং কার্যক্রমে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট বিতরণ করা হয়।
- ৬। বাজারে মনিটরিং এর মাধ্যমে বিভিন্ন পাইকারি দোকান হতে হলুদের নমুনা সংগ্রহ করা হয়।
- ৭। সংগ্রহকৃত নমুনা হলুদ আইসিডিডিআর,বি এর গবেষণাগারে পরীক্ষা করা হয়েছে। পরীক্ষায় প্রাপ্ত ফলাফলে মাত্রাতিরিক্ত লেড (সীসা) উপস্থিতি সনাক্ত করা হয়েছে।
- ৮। হলুদে ক্ষতিকর রং ব্যবহার বন্ধে নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সতর্কীকরণ গণবিজ্ঞপ্তি এর কপি মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়সহ বিভিন্ন মন্ত্রণালয়ে এবং হলুদে সীসার উপস্থিতি প্রমাণিত হয়েছে এমন জেলা সমূহে জেলা প্রশাসকের মাধ্যমে প্রেরণ করা হয়েছে।
- ৯। হলুদে সীসার দূষণ রোধকল্পে মোবাইল কোর্ট পরিচালিত হচ্ছে। বিগত ২২/১০/২০১৯ তারিখে 'ভাই ভাই ট্রেডার্স' ও 'কুমিল্লা বাণিজ্যালয়', ফরাশগন্জ, শ্যামবাজার, ঢাকা- এ মোবাইল কোর্ট পরিচালনাকালে বিক্রয়ের জন্য রাখা মজুদকৃত হলুদে লেড ক্রোমেট এর দূষণ প্রমাণিত হওয়ার- অপরাধে উক্ত প্রতিষ্ঠানদ্বয়কে নিরাপদ খাদ্য আইন, ২০১৩ এর ২৪ ধারা অনুযায়ী (৪,০০,০০০ + ৪,০০,০০০) = ৮,০০,০০০/- (আট লক্ষ টাকা) জরিমানা করা হয় এবং উক্ত দূষণ যুক্ত হলুদ (প্রায় ৯০০ কেজি) ধ্বংস করা হয়।
- ১০। এছাড়াও হলুদে দূষণ রোধে নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের কার্যক্রম চলমান রয়েছে। এর অংশ হিসেবে হলুদে সীসার দূষণ থেকে উত্তরণের লক্ষ্যে বিশেষজ্ঞ কর্মকর্তা ও স্টেকহোল্ডারদের সমন্বয়ে আজ একটি এডভোকেসি সভা আয়োজন করা হয়েছে। এ সভা থেকে হলুদের দূষণ রোধে অনেক গুরুত্বপূর্ণ পরামর্শ পাওয়া যাবে বলে আশা রাখি।